# প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমের

# কার্যপরিধি (টিওআর)

## “সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সংশোধিত)”

পরিবীক্ষণ ও মূল্যায়ণ সেক্টর-৬ (শিক্ষা ও সামাজিক)

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

পরিকল্পনা মন্ত্রণালয়।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**পরিকল্পনা মন্ত্রণালয়**
**বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ**
**শিক্ষা ও সামাজিক সেক্টর**
**শের-ই-বাংলানগর, ঢাকা।**
www.imed.gov.bd

**নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমের জন্য নির্বাচিত প্রকল্পের বিবরণী ও পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি (ToR):**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১। | প্রকল্পের নাম | : | সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (১ম সংশোধিত) | | |
| ২। | প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ | : | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়। | | |
| ৩। | বাস্তবায়নকারী সংস্থা | : | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর। | | |
| ৪। | প্রকল্পের অবস্থান | : | বিভাগ | জেলা | উপজেলা |
| | | | ১ | ২ | ৩ |
| | | | সমগ্র বাংলাদেশ ব্যাপী। | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫। | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা) | : | **মূল** | **সংশোধিত** |
| | (ক) মোট | : | ১৬৫৮১৪.০০ | ৩৮২৬৯২.৪৭ |
| | (খ) জিওবি | : | ৯৩৮১৪.০০ | ১৬৮১৯২.৪৭ |
| | (গ) প্রকল্প সাহায্য | : | ৭২০০০.০০ | ২১৪৫০০.০০ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬। | বাস্তবায়ন মেয়াদ | : | **মূল** | **সংশোধিত** |
| | (ক) শুরুর তারিখ | : | জানুয়ারি, ২০১৪ | জানুয়ারি, ২০১৪ |
| | (খ) সমাপ্তির তারিখ | : | ডিসেম্বর, ২০১৭ | ডিসেম্বর, ২০১৯ |

৭। **প্রকল্পের উদ্দেশ্য:**

**প্রধান উদ্দেশ্য:**

- গুণগত মান, দক্ষ ব্যবস্থাপনা এবং সমান সুযোগের ভিত্তিতে মাধ্যমিক শিক্ষার সার্বিক মানোন্নয়নের মাধ্যমেএকটি অধিক প্রাসঙ্গিক মাধ্যমিক শিক্ষা ব্যবস্থা গড়ে তুলে বাংলাদেশের দারিদ্র্য বিমোচন।

**সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহ:**

- কারিকুলাম উন্নয়নের মাধ্যমে মাধ্যমিক শিক্ষার গুণগতমান উন্নয়নে সহায়তা প্রদান ;
- কর্মভিত্তিক বিজ্ঞান শিক্ষা ও শিক্ষক প্রশিক্ষণে সহায়তা প্রদান ;
- প্রকল্পভুক্ত বিদ্যালয় ও মাদ্রসায় শিক্ষা উপকরণ এবং যন্ত্রপাতি সরবরাহ ;
- মাধ্যমিক স্তরে বিজ্ঞান শিক্ষাকে জনপ্রিয় করে তোলার জন্য ই-লার্নিং মিডিয়া জনসংযোগকরণ ;
- শিক্ষার ক্ষেত্রে মেধ্য যাচাই ও পরীক্ষা পদ্ধতির উন্নয়ন ;
- নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানে আইসিটিভিত্তিক শিক্ষার প্রবর্তন ;
- ড্রপ-আউটের হার হ্রাসকরণ ;
- দরিদ্র শিক্ষার্থীদের মাঝে উপবৃত্তি প্রদান ;
- ক্ষমতা বিকেন্দ্রীকরণের মাধ্যমে শিক্ষা ব্যবস্থাপনাকে শক্তিশালীকরণ ; এবং
- মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের শিক্ষা ব্যবস্থাপনার দক্ষতা বৃদ্ধি।

**৮। কার্যক্রমসমূহ**

**ট্র্যাঞ্চ-১ এর কার্যক্রম:**

- কারিকুলামের লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়ন: টিচাস© গাইড প্রণয়ন, শিক্ষক প্রশিক্ষণ ইত্যাদি।
- পরীক্ষা পদ্ধতির সংস্কার : সৃজনশীল পদ্ধতি বাস্তবায়ন।
- কার্যক্রমভিত্তিক বিজ্ঞান শিক্ষা: ১০,০০০ স্কুলে বিজ্ঞান সরঞ্জাম প্রদান, প্রশিক্ষণ।
- আইসিটিভিত্তিক শিক্ষার প্রসার: ৬৪০ টি স্কুল ও মাদ্রাসায় আইসিটি লার্নিং সেন্টার স্থাপন।
- বেসরকারি শিক্ষক-কর্মচারীগণের এমপিও কার্যক্রম বিকেন্দ্রীকরণ: অনলাইন ব্যবস্থাপনা।
- স্কুল মনিটরিং ও সুপারভিশন জোরদারকরণ: মাঠপর্যায়ে ১১৪১ জনবল নিয়োগ।
- ৪টি মহানগরে ২৫টি নতুন থানা শিক্ষা অফিস স্থাপন।
- মাধ্যমিক শিক্ষার জন্য সমান সুযোগ বৃদ্ধি ও ঝরে পড়া রোধ: উপবৃত্তি প্রদান এবং একটি সমন্বিত উপবৃত্তি প্রদান নীতিমালা প্রণয়ন।
- মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধি: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ইএমআইএস শক্তিশালীকরণ।

**ট্র্যাঞ্চ-২ এর কার্যক্রম:**

- সাধারণ স্কুল-মাদ্রাসায় ভোকেশনাল ও প্রি-ভোকেশনাল কোর্স চালু।
- পিছিয়ে পড়া স্কুল-মাদ্রাসার জন্য রিসোর্স টিচার (ইংরেজি, গণিত, বিজ্ঞান বিষয়ের অতিরিক্ত শিক্ষক) প্রোগ্রাম।
- স্টুডেন্ট কাউন্সিলিং প্রোগ্রাম।
- সেকেন্ডারি স্টুডেন্ট ডাটা বেইস তৈরি: সফটওয়ার তৈরি, প্রশিক্ষণ।
- জেলা শিক্ষা অফিসের উর্ধ্বমুখী সম্প্রসারণ।
- অতিরিক্ত ১০,০০০ স্কুল-মাদ্রাসায় বিজ্ঞান সরঞ্জাম সরবরাহ।
- অতিরিক্ত ৪ লক্ষ (মোট ১০ লক্ষ) শিক্ষকের প্রশিক্ষণ।

**৯। নিবিড় পরিবীক্ষণ কাজের উদ্দেশ্যসমূহ (কার্যপরিধি):**

(১) প্রকল্পের বিবরণ (পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধনের অবস্থা, অর্থায়নের বিষয় ইত্যাদি সকল প্রযোজ্য তথ্য) পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(২) প্রকল্পের অর্থবছরভিত্তিক কর্ম পরিকল্পনা, অর্থবছরভিত্তিক বরাদ্দ, ছাড় ও ব্যয় ও বিস্তারিত অঙ্গভিত্তিক বাস্তবায়ন (বাস্তব ও আর্থিক) অগ্রগতির তথ্য সংগ্রহ, সন্নিবেশন, বিশ্লেষণ, সারণী/ লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;

(৩) প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যালোচনা ও প্রকল্পের উদ্দেশ্য ও লগ ফ্রেমের আলোকে output পর্যায়ের অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(৪) প্রকল্পের আওতায় সম্পাদিত/চলমান বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত সংগ্রহ আইন ও বিধিমালা (পিপিএ, পিপিআর, উন্নয়ন সহযোগীর গাইডলাইন ইত্যাদি) এবং প্রকল্প দলিল উল্লিখিত ক্রয় পরিকল্পনা প্রতিপালন করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে তুলনামূলক পর্যোলোচনা ও পর্যবেক্ষণ;

(৫) প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগৃহীতব্য পণ্য, কার্য ও সেবা পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ (টেকসই পরিকল্পা) আনুষঙ্গিক বিষয় পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(৬) প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগ্রহের প্রক্রিয়াধীন বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/BOQ/TOR, গুণগত মান, পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(৭) প্রকল্পের ঝুঁকি অর্থাৎ বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা যেমন অর্থায়নে বিলম্ব, বাস্তবায়নে পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, ব্যবস্থাপনায় অদক্ষতা ও প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদির কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যোলোচনা ও পর্যবেক্ষণ;

(৮) প্রকল্প অনুমোদন সংশোধন (প্রযোজ্য ক্ষেত্রে) অর্থ বরাদ্দ, অর্থ ছাড়. বিল পরিশোধ ইত্যাদি বিষয়ে তথ্য-উপাত্তের পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(৯) উন্নয়ন সহযোগী সংস্থা (যদি থাকে) কর্তৃক চুক্তি স্বাক্ষর, চুক্তির শর্ত, ক্রয় প্রস্তাব প্রক্রিয়াকরণ ও অনুমোদন, অর্থ ছাড়, বিল পরিশোধে সম্মতি ও বিভিন্ন মিশন এর সুপারিশ ইত্যাদির তথ্য-উপাত্তভিত্তিক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(১০) গুণগত মান, দক্ষ ব্যবস্থাপনা এবং সমান সুযোগের ভিত্তিতে মাধ্যমিক শিক্ষার সার্বিক মানোন্নয়নের লক্ষ্যে প্রকল্পের আওতায় বাস্তবায়নাধীন কার্যক্রমসমূহ এবং সার্বিক অগ্রগতি যথাযথ হচ্ছে কিনা তা যাচাই করা;

(১১) প্রকল্পের আওতায় নির্মাণ ও পূর্তকাজ, আসবাবপত্র, আইসিটি ও অন্যান্য সরঞ্জামাদি প্রভৃতিসহ সকল অঙ্গসমূহের বাস্তবায়ন কার্যক্রম সময়, গুণগতমান ও ব্যয়ের বিবেচনায় যথাযথ কিনা তা যাচাই করা;

(১২) মাধ্যমিক শিক্ষার উন্নয়নে কারিকুলাম, প্রশিক্ষণ, পরীক্ষা পদ্ধতি, বিভিন্ন কোর্স, প্রোগ্রাম প্রভৃতিসমূহে প্রকল্পের আওতায় বাস্তবায়নাধীন কার্যক্রমের প্রাসঙ্গিকতা, যথার্থতা এবং গুণগতদিকসমূহ যাচাই করা;

(১৩) প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসই (sustainable) করার লক্ষ্যে মতামত প্রদান;

(১৪) প্রকল্পের উদ্দেশ্য, লক্ষ্য, প্রকল্পের কার্যক্রম, বাস্তবায়ন পরিকল্পনা, প্রকল্প ব্যবস্থাপনা, ঝুঁকি, মেয়াদ, ব্যয়, অর্জন ইত্যাদি বিষয় বিবেচনা করে একটি SWOT ANALYSIS;

(১৫) প্রকল্প সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনা ও মাঠ পর্যায় হতে প্রাপ্ত তথ্যের বিশ্লেষণের আলোকে সার্বিক পর্যালোচনা, পর্যবেক্ষণ, ও প্রয়োজনীয় সুপারিশসহ একটি প্রতিবেদন প্রণয়ন করবে ও জাতীয় কর্মশালায় প্রতিবেদনটি উপস্থাপন করবে। জাতীয় কর্মশালায় প্রাপ্ত মতামত সন্নিবেশ করে চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন করবে;

(১৬) প্রকল্প ব্যবস্থাপনাঃ প্রকল্প পরিচালক নিয়োগ, জনবল নিয়োগ, প্রকল্প ব্যবস্থাপনা কমিটির সভা, প্রকল্প স্টিয়ারিং কমিটির সভা আয়োজন, কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, সভার ও প্রতিবেদনের সিদ্ধান্ত বাস্তবায়ন, অগ্রগতির তথ্য প্রেরণ ইত্যাদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(১৭) প্রকল্পের সুবিধাভোগী/স্টেকহোল্ডারগণের উপর জরিপের মাধ্যমে প্রাপ্ত মতামতের বিশ্লেষণ করা;

(১৮) সমীক্ষা থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সার্বিক পর্যালোচনা এবং প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে সুনির্দিষ্ট সুপারিশ প্রণয়ন; এবং

(১৯) কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অন্যান্য বিষয়াবলী।

**১০। নিবিড় পরিবীক্ষণ কাজের জন্য পেশাগত যোগ্যতা:**

| ক্রঃনং | পদের ধরণ | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১. | পরামর্শক প্রতিষ্ঠান | - | সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ০১ (এক) বছরের কাজের অভিজ্ঞতা। |
| ২. | পরামর্শক প্রতিষ্ঠানের প্রফেশনাল | | |
| (১) | দলনেতা | যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে শিক্ষা/ ডেভেলপমেন্ট স্টাডিজ/**সমাজ বিজ্ঞান** অনুষদ হতে মাস্টার ডিগ্রি।<br><br>সংশ্লিষ্ট ক্ষেত্রে উচ্চতর ডিগ্রিধারীকে অগ্রাধিকার প্রদান করা হবে। | • সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা।<br>• কমপক্ষে ১ (এক) টি মনিটরিং ও মূল্যায়ন কাজের অভিজ্ঞতা।<br>• দলনেতা হিসেবে কাজ করার অভিজ্ঞতা।<br>• মাধ্যমিক স্তরে শিক্ষা ব্যবস্থা সংক্রান্ত সম্যক্ষ ধারণা ও অভিজ্ঞতা।<br>• সরকারী ক্রয় সংক্রান্ত সম্যক্ষ ধারণা ও অভিজ্ঞতা। |
| (২) | সিভিল ইঞ্জিনিয়ার | যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সিভিল ইঞ্জিনিয়ারিং এ বিএসসি ডিগ্রি। | • সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা।<br>• মনিটরিং ও মূল্যায়ন কাজে কমপক্ষে ৩ (তিন) বছরের অভিজ্ঞতা।<br>• সরকারী ক্রয় সংক্রান্ত সম্যক্ষ ধারণা ও অভিজ্ঞতা। |
| (৩) | সমাজবিজ্ঞানী | যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সমাজবিজ্ঞান/সমাজ কর্ম বিষয়ে মাস্টার ডিগ্রি। | • সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা।<br>• মনিটরিং ও মূল্যায়ন কাজে কমপক্ষে ৩ (তিন) বছরের অভিজ্ঞতা। |
| (৪) | পরিসংখ্যানবিদ | যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যানে মাস্টার ডিগ্রি। | সমীক্ষা/গবেষণা কার্যক্রম পরিচালনা, তথ্য ব্যবস্থাপনা কার্যক্রম এবং বিশ্লেষণে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা। |

**১১। <u>পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক নিম্নবর্ণিত প্রতিবেদনসমূহ দাখিল করতে হবেঃ</u>**

| ক্রমিক | প্রতিবেদনের নাম ও সংখ্যা | দাখিলের সময় |
|---|---|---|
| ১. | ইনসেপশন প্রতিবেদন<br>(টেকনিক্যাল ২০ + স্টিয়ারিং ২০) কপি | চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে |
| ২. | ১ম খসড়া প্রতিবেদন<br>(টেকনিক্যাল ২০ + স্টিয়ারিং ২০) কপি | চুক্তি সম্পাদনের ৬০ দিনের মধ্যে |
| ৩. | ২য় খসড়া প্রতিবেদন<br>(ডেসিমিনেশন কর্মশালা ১৩০ কপি) | চুক্তি সম্পাদনের ৯০ দিনের মধ্যে |
| ৪. | চূড়ান্ত প্রতিবেদন (বাংলায় ও ইংরেজীতে)<br>(বাংলা ৪০+ ইংরেজী ২০) কপি | চুক্তি সম্পাদনের ১২০ দিনের মধ্যে |

- **সকল প্রতিবেদন মহাপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৬ (শিক্ষা ও সামাজিক সেক্টর), আইএমইডি বরাবর দাখিল করতে হবে। প্রতিবেদনগুলো Unicode Based Font হতে হবে। মুদ্রণ ব্যয় পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক নির্বাহ করতে হবে।**

১২। **<u>ক্লায়েন্ট কর্তৃক প্রদেয়:</u>**

- প্রকল্প দলিল ও প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন (যেমন: ডিপিপি/আরডিপিপি/পিসিআর/মূল্যায়ন প্রতিবেদন); এবং
- বিভিন্ন স্টেকহোল্ডারের সাথে যোগাযোগের জন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।